

প্রথম প্রান্তি, মেট ০৭, ২০১১, পৃষ্ঠা - ০৬,  
ক্ষেত্রফল - ৩৭৮, ফ্লোর ২।

প্রথম প্রান্তি, মেট ০৭/১১, পৃঃ - ৬

# শিক্ষার গুণগত মান নিশ্চিত করার আহ্বান রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি জিল্লার রহমান শিক্ষার গুণগত মান এবং শিক্ষা যেন  
পণ্যে পরিণত না হয়, তা নিশ্চিত করতে বেসরকারি  
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল  
রোবোট রাজ্যবাচনীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক স্মৈলেন কেন্দ্র ইস্ট  
প্রেস্ট ইউনিভার্সিটির (ইউনিউইচ) দশম সমাবর্তন অনুষ্ঠানে  
তিনি এসব কথা বলেন। বাসস।

সমাবর্তনে বিভিন্ন বিষয়ের মৌলিক এক হাজার ৭৩ জন  
শিক্ষার্থীকে মাতক ও মাতকেতের ডিগ্রি প্রদান করা হয়।  
শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক শিক্ষার বাইরে যেন বাস্তব জ্ঞান অর্জন  
করতে পারেন, সে জন্য পাঠ্যসূচিতে প্রায়েগিক বিষয়  
বাধ্যতামূলক হিসেবে অন্তর্ভুক্ত করতে রাষ্ট্রপতি জিল্লার রহমান  
বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

জিল্লার রহমান বলেন, নিজস্ব সংস্কৃতির চেতনায় জাতীয়  
সমস্যা সমাধানে অবদান রাখতে পারে এমন মানবসম্পদ  
গড়ে তোলাই হবে উচ্চশিক্ষার অন্যতম লক্ষ্য। তিনি আরও  
বলেন, 'আমার বিশ্বাস দেশের সব বিশ্ববিদ্যালয় সদ্যপূর্ণীত

জাতীয় শিক্ষান্তি-২০১০-এর আলোকে তাদের কর্মকাণ্ড  
পরিচালনা করবে'। বিশ্ব অতিথি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম  
নাহিদ বলেন, উচ্চশিক্ষার গুণগত মান নিশ্চিত করতে  
সরকার বৰ্দ্ধপরিকর। এরই অংশ হিসেবে বেসরকারি  
বিশ্ববিদ্যালয় আইন প্রণয়ন করা হয়েছে।

সমাবর্তন বজা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম  
স আরেকিন সিদ্ধিক বলেন, বিশ্ববিদ্যালয় মূল্যায়িত হয় সেই  
প্রতিষ্ঠান থেকে বের হওয়া মাতকদের মান ও যোগ্যতা দ্বারা।  
বিশ্ববিদ্যালয়ে ভর্তুক শিক্ষার্থীদের অনুপাতিক মান দ্বারা  
নিরূপণ হয় না। বিশ্ববিদ্যালয়ের ট্রান্সিভার্ডের সভাপতি  
মোহাম্মদ ফরাহসাউদিন বলেন, পুটি বিষয়ের প্রতি মাতকদের  
মনোযোগ দিতে হবে। একটি শিক্ষা ও অন্যটি দেশশ্রেষ্ঠ।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহামুদ শরীফ বলেন,  
'আমাদের বিশ্ববিদ্যালয় একটি গবেষণাভিত্তিক উচ্চ  
শিক্ষাপ্রতিষ্ঠান। শিক্ষার্থীরা এই বিশ্ববিদ্যালয় থেকে জ্ঞানের  
নবতর অবস্থান থেকে শিক্ষা লাভ করে।'